# একাদশ অধ্যায়

# ফাউন্ডেশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের শিক্ষা প্রণোদনা নীতিমাল

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন**
**প্রধান কার্যালয়**
**পল্লী ভবন (৭ম তলা)**
**৫,কাওরানবাজার, ঢাকা-১২১৫**
www.sfdf.org.bd

স্মারক নং-৪৭.৬৫.০০০০.০৬১.২৩.১৩২.১৫.-

তারিখঃ ১৭।১২।১৪২২ বঙ্গাব্দ
৩১।০৩।২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ফাউন্ডেশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের শিক্ষা প্রণোদনা নীতিমালা,২০১৬

১। **শিক্ষা প্রণোদনা প্রবর্তনের লক্ষ্যঃ**

ফাউন্ডেশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর কৃতি সন্তানদের মাঝে শিক্ষা প্রণোদনা প্রদানের মাধ্যমে তাঁদেরকে লেখাপড়ার ক্ষেত্রে উৎসাহ প্রদান ও পিছিয়ে পড়াদের মাঝে উদ্দীপনা সৃষ্টিই এ প্রণোদনা প্রবর্তনের মূল লক্ষ্য।

**২ নামকরণঃ**

এই নিতিমালাটি ফাউন্ডেশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের শিক্ষা প্রণোদনা নীতিমালা,২০১৬ নামে অভিহিত হবে।

৩। **শিক্ষা প্রণোদনা প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ নীতিসমূহ অনুসৃত হবেঃ-**

৩.১ । ফাউন্ডেশন এবং ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের জন্যও এ নীতিমালা প্রযোজ্য হবে।

৩.২ । কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের পি.এস.সি/জে.এস.সি/এস.এস.সি/এইচ.এস.সি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্তদের প্রণোদনা প্রদান করা হবে।

৩.৩ । প্রণোদনা প্রদানের জন্য নির্ধারিত আবেদন ফরম সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক বরাবরে পাঠাতে হবে।

৩.৪ । প্রত্যেকটি পরীক্ষার ফলাফল প্রকাশের ১ মাসের মধ্যে নির্ধারিত আবেদন ফরমের মাধ্যমে নিয়মানুযায়ী আবেদন করতে হবে । আবেদনপত্রের সাথেসংশ্লিস্ট পরীক্ষার সাময়িক সনদপত্র, প্রশংসাপত্র এবং নম্বরপত্র সংযোজন করতে হবে।

৩.৫ ।এ সংক্রান্ত কমিটি সভা করে আবেদনপত্রের সকল তথ্যাদির স্ব -পক্ষে প্রয়োজনীয় প্রমা ণাদি রয়েছে কিনা এবং তার সঠিকতা যাচাই-বাছাই করে প্রণোদনা প্রদানের বিষয়ে সুপারিশ পেশ করবে ।এ কমিটির সদস্যদের সন্তানগণ প্রার্থী হলে তাঁদের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত কমিটি বিষয়টি ব্যবস্থাপনা পরিচালকের নিকট পেশ করবে এবং তাঁর নির্দেশনামতে ব্যবস্থা গ্রহণ করা হবে ।

৩.৬ ।আর্থিক প্রণোদনা প্রদানের পরিমাণ বর্তমানে নিম্নরূপ করা যায় যা পরবর্তীতে আবেদনকারীর সংখ্যা এবং ফাউন্ডেশনের আর্থিক সঙ্গাতি সাপেক্ষে হ্রাস/বৃদ্ধি করা যাবেঃ-

| ক্র. নং | পরীক্ষার বিবরণ | প্রণোদনার পরিমাণ (টাকা) | |
|---|---|---|---|
| | | ১-১০ গ্রেডভুক্ত পদ | ১১-২০ গ্রেডভুক্ত পদ |
| ১ | পি.এস.সি | ২,০০০.০০ | ৩,০০০.০০ |
| ২ | জে.এস.সি | ৩,০০০.০০ | ৪,০০০.০০ |
| ৩ | এস.এস.সি | ৪,০০০.০০ | ৫,০০০.০০ |
| ৪ | এইচ. এস .সি | ৫,০০০.০০ | ৬,০০০.০০ |
| ৫ | বিশেষ প্রণোদনা | ৬,০০০.০০ | ৭,০০০.০০ |

৩.৭ ।কর্মকর্তা/কর্মচারীর জিপিএ ৫ প্রাপ্ত সন্তানদের আর্থিক প্রণোদনার সাথে একটি শিক্ষা প্রণোদনা সনদ প্রদান করা হবে ।

৩.৮ ।কর্মকর্তা/কর্মচারীকে সন্তানের জিপিএ ৫ প্রাপ্তি বিষয়ে অভিনন্দন পত্র দেয়া হবে ।

৩.৯ । ‘‘ফাউন্ডেশনের এসএফডিএফ কর্মকর্তা/কর্মচারী কল্যাণ তহবিল" নামীয় হিসাব থেকে প্রণোদনা প্রদান করা হবে ।

৩. ১০। কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের মধ্যে যে সকল সন্তান ৪টি পরীক্ষার মধ্যে কমপক্ষে ৩ টিতে জিপিএ-৫ প্রাপ্ত হবে তাঁদেরকে বিশেষ প্রণোদনা প্রদানের ব্যবস্থা গ্রহ ণ করা হবে। তবে এ বিষয়টি এইচ.এস.সি পরীক্ষা শেষে বিবেচনা করা হবে এবং এ জন্য সংশ্লিষ্ট অভিভাবককে এইচ,এস,সি পরীক্ষার ফলাফল প্রকাশের পর নির্ধারিত সময়ের মধ্যে পৃথকভাবে আবেদন করতে হবে।

৩. ১১। প্রতিটি পরীক্ষার ফলাফল প্রকাশের ৩ মাসের মধ্যে অনুচ্ছেদ ৩.৬ অনুসরণে আর্থিক প্রণোদনা, ৩.৭ অনুসরণে শিক্ষা প্রণোদনা সনদ এবং ৩.৮ অনুসরণে অভিনন্দন পত্র প্রদান বিষয়ে একটি প্রজ্ঞাপন প্রকাশ করা হবে এবং সংশ্লিষ্টদের বর্তমান কর্মস্থলে প্রেরণ করা হবে।

৩. ১২। ফাউন্ডেশনের আর্থিক সংগতি সাপেক্ষে কৃতী ছাত্র-ছাত্রীদের জন্য সংবর্ধনার আয়োজন করা যেতে পারে।

(এ এইচ এম আবদুল্লাহ)
ব্যবস্থাপনা পরিচালক
ফোন-০২-৮১৮০১৫০
md.sfdf@yahoo.com

অনুলিপি-সদয় কার্যার্থে/অবগতিঃ

১। ফাউন্ডেশন এবং দারিদ্র্য বিমোচনে এসএফডিএফ কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পের প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী ।
২। ফাউন্ডেশন এবং দারিদ্র্য বিমোচনে এসএফডিএফ কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পের সকল আঞ্চলিক ব্যবস্থাপক, সকল আঞ্চলিক কার্যালয় ।
৩। সিনিয়র উপজেলা ব্যবস্থাপক/উপজেলা ব্যবস্থাপক/
উপ-আঞ্চলিক ব্যবস্থাপক, সকল উপজেলা কার্যালয়/উপ-আঞ্চলিক কার্যালয় ।
৪। সিনিয়র মাঠ কর্মকর্তা/মাঠ কর্মকর্তা/মাঠ সংগঠক/
কর্মচারী সকল উপজেলা কার্যালয়/উপ-আঞ্চলিক কার্যালয় ।
৫। ফাউন্ডেশন ও দারিদ্র্য বিমোচনে এসএফডিএফ কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পের সকল কর্মচারী সকল আঞ্চলিক কার্যালয় ।
৬। সংশ্লিষ্ট নথি ।
৭। অফিস কপি ।

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫,কাওরানবাজার, ঢাকা-১২১৫
**www.sfdf.org.bd**

## শিক্ষা প্রণোদনা প্রাপ্তির আবেদন ফরম

বরাবর,
ব্যবস্থাপনা পরিচালক
ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়, ঢাকা

মাধ্যমঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | আবেদনকারীর নাম(পরিচিতি নম্বর): | | | | |
| ২. | ফাউন্ডেশন/প্রকল্পের নাম | | | | |
| ৩. | পদবী | | | | |
| ৪. | বর্তমান কর্মস্থল | | | | |
| ৫ | প্রণোদনা প্রাপ্য শিক্ষার্থীর বিবরণ | | | | |
| ৫.১ | শিক্ষার্থীর নাম | | | | |
| ৫.২ | আবেদনকারীর সাথে সম্পর্ক | | | | |
| ৬. | যে পরীক্ষার ফলাফলের প্রেক্ষিতে আবেদন করা হয়েছে তার নাম | | | | |
| ৭. | পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলী | পি.এস.সি | জে.এস.সি | এস.এস.সি | এইচ.এস.সি |
| ৭.১ | ফলাফল | | | | |
| ৭.২ | গ্রুপ | - | - | | |
| ৭.৩ | পাশের সন | | | | |
| ৭.৪ | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | | | | |
| ৭.৫ | শিক্ষা বোর্ড | | | | |
| ৮. | বর্তমানে অধ্যয়নরত | | | | |
| ৮.১ | শ্রেণীর নাম | | | | |
| ৮.২ | শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | | | | |
| ৯. | পূর্বে প্রণোদনা প্রাপ্তি (টিক দিন) | পি.এস.সি☐ | জে.এস.সি☐ | এস.এস.সি☐ | এইচ.এস.সি☐ |
| ১০. | পূর্বে প্রণোদনা প্রাপ্তির সন | পি.এস.সি | জে.এস.সি | এস.এস.সি | এইচ.এস.সি |
| | | | | | |
| ১১. | উল্লেখযোগ্য অন্যান্য কৃতিত্ব/সাফল্য (যদি থাকে) | | | | |

আমরা এই মর্মে অঙ্গীকার করছি যে, বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য এবং প্রতিটি তথ্যের বিপরীতে সঠিক প্রমাণাদী উপস্থাপন করা হয়েছে। অতএব আবেদনখানা সদয় বিবেচনার জন্য অনুরোধ করা হলো।

শিক্ষার্থীর
স্বাক্ষরঃ
তারিখঃ

আবেদনকারীর
স্বাক্ষরঃ
তারিখঃ
নামঃ
পদবীঃ
কর্মস্থল